

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### আমাদের স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমাদের শিক্ষার্থী ও পরিবারেরা 180-টির বেশি ভাষায় কথা বলে। 180! আমার কাছে, এই সংখ্যাটি এই সিটির সমৃদ্ধ সাংস্কৃতিক বুনটে ও এই বিশ্বকে নতুন প্রেক্ষাপটে দেখতে আমাদের সম্মুখে অগণিত সুযোগের প্রতিনিধিত্ব করে।

শুধু এই কাজটি করার জন্যেই আমি ডিস্ট্রিক্ট 9-এর কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC)-কে সাধুবাদ জানাতে চাই। গত সপ্তাহে, [ডিস্ট্রিক্ট 9-এর CEC](#) তাদের টাউন হল মিটিং স্প্যানিশ ভাষায় আয়োজন করেছে, এবং যারা ইংরেজি এবং অন্যান্য ভাষায় কথা বলে তাদের জন্য দোভাষী পরিষেবা প্রদান করেছে। এটা করার মধ্য দিয়ে, ডিস্ট্রিক্ট 9-এর বহু পরিবার যাদের বাড়ির ভাষা স্প্যানিশ তাদেরকে CEC প্রদর্শন করেছে: আপনারা আমাদের চিন্তা-চেতনায় রয়েছেন। এর আরো অর্থ হচ্ছে ইংরেজি ভাষাভাষীরা দোভাষীর মাধ্যমে একটি মিটিংয়ে অংশগ্রহণ করতে কেমন অনুভূত হয় সেই অভিজ্ঞতা অর্জন করেছেন। এটা আমার চোখ খুলে দেয়ার মতো একটি অভিজ্ঞতা ছিল—এতটাই যে আমরা

এই সপ্তাহের PS + You সংখ্যাটি বদলে দিচ্ছি, এবং ইংরেজি ভাষায় অনুবাদের লিংক সহ স্প্যানিশ ভাষায় নিউজলেটারটি পাঠাচ্ছি।

প্রতিটি পরিবারের তাদের সন্তানের শিক্ষায় সম্পৃক্ত হবার অধিকার আছে এবং সেজন্যেই পুরো NYCPS জুড়ে ভাষাগত সহায়তা (ল্যান্ডম্যানেজ অ্যাক্সেস) একটি প্রাধান্য। আমাদের প্রতিটি স্কুলে সকল পরিবারের সাথে যোগাযোগে সহায়তা করার জন্য নির্ধারিত তহবিল সহ একজন ল্যান্ডম্যানেজ অ্যাক্সেস কোঅর্ডিনেটর রয়েছে। গত শিক্ষা বছর, আমাদের অফিস অভ ল্যান্ডম্যানেজ অ্যাক্সেস-এর নেতৃত্ব, আমরা 51-টি ভাষায় প্রায় 11,000 IEP অনুবাদ করেছি এবং 289,000-এর বেশি ফোনলাপে 93-টির বেশি ভাষায় দোভাষী পরিষেবা প্রদান করেছি। এছাড়াও আমরা বিভিন্ন সভা এবং কার্যক্রমের জন্য দোভাষী পরিষেবা এবং বিবিধ নথি এবং যোগাযোগমূলক বার্তা অনুবাদ করে থাকি। সেজন্যে, পরিবারবর্গ, অনুগ্রহ করে লক্ষ্য করবেন: আমাদের স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে। আরো জানতে এবং ভাষাগত পরিষেবাসমূহ অনুরোধ করতে আমি আপনাদেরকে [আমাদের ওয়েবসাইট দেখতে](#) উৎসাহিত করছি।

এছাড়াও আমি আমাদের [দ্বিভাষিক বা বাইলিঙ্গুয়াল প্রোগ্রামগুলো](#) জোরদার ও সম্প্রসারিত করতে আমাদের প্রয়াশ তুলে ধরতে চাই। এই উদ্ভাবনী প্রোগ্রামগুলো—সিটিব্যাপী গত বছর যার সংখ্যা ছিল 557—বাংলা থেকে হেশিয়ান ক্রিওল, জাপানিজ থেকে পোলিশ পর্যন্ত ইংরেজি এবং 12-টি ভাষার একটিতে শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনা প্রদান করে। আমরা এই প্রোগ্রামগুলোর সংখ্যা বৃদ্ধি অব্যাহত রাখতে উদগ্রীব; আমাদের শিক্ষার্থীরা বহুভাষিকতা গড়ে তোলার পাশাপাশি তারা আমাদের বৈশ্বিক সমাজে নেতৃত্ব দেয়ার এবং সফল হওয়ার দক্ষতাসমূহ অর্জন করে।


আমি বিশ্বাস করি যে আমাদের একে অন্যের কাছ থেকে অনেক কিছু শেখার আছে, এবং ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি, সংস্কৃতি, এবং ভাষায় নিজেদের উন্মুক্ত করলে আমাদের শেয়ারকৃত মানবতাকে জোরদার করে। আমি এটা আগেও বলেছি এবং আবারো বলবো: আমাদের সিটির বৈচিত্র্যময়তাই আমাদের সবচেয়ে বড় শক্তি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যামেলর

আমাদের স্পটলাইট ভিডিও: বাংলা ভাষায় লভ্য আছে



সর্বসম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।